**ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি**
(ISO 9001:2015 Certified)
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।


স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০২২.২২. ৯২৬

তারিখঃ ২৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
------------------------
১২ ফেব্রুয়ারী ২০২২ খ্রিষ্টাব্দ

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
আইসিটি এর দপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

**বিষয়ঃ দরপত্র বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র সমিতিতে আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা প্রয়োজন। এতদ্বউদ্দেশ্যে দরপত্র বিজ্ঞপ্তি অত্রসাথ সংযুক্ত করা হলো।

সংযুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

২২/২/২২
(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ
০১। অফিস/মাস্টার।

(মোঃ মুজিবুর রহমান চৌধুরী)
এজিএম (প্রশাসন)

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

# দরপত্র বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি নিজস্ব তহবিলের আওতায় আউট সোর্সিং পদ্ধতিতে ০৯ জন নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে সরকার কর্তৃক অনুমোদিত বাংলাদেশ স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (এক ধাপ দুই খাম) নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বর সহ) ও স্বাক্ষর সম্বলিত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে;

| দরপত্র নং | বিবরণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র দাখিলের সময়সূচী ও স্থান | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| ৫৮/২১-২২ | আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের দরপত্র | ১৫০০/- | ১,৭২,০০০/- | ০৯/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে ২২/০২/২০২২ খ্রিঃ মঙ্গলবার পর্যন্ত | ২৩/০২/২০২২ খ্রিঃ রোজ বুধবার ১২.০০ ঘটিকা পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। | ২৩/০২/২০২২ খ্রিঃ রোজ বুধবার ১২.৩০ ঘটিকায় ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে দরপত্র দলিলের প্রতিটির মূল্য বাবদ ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২। আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা' ২০০৮ অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয় কর্তৃক ২০১৯ সালে জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুসারে ন্যূনতম সেবা মূল্যের উপর ভিত্তি করে দর দাখিল করতে হবে। ন্যূনতম সেবা মূল্যের উপর সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) এবং আনুসাঙ্গিক কোন চার্জ থাকলে তা স্পষ্টভাবে কোটেশনে উল্লেখ করতে হবে। কোটেশনে কোনরূপ কাটাকাটি/ঘষামাজা করা যাবে না কিংবা অস্পষ্টভাবে কোন দর উদ্ধৃত করা যাবে না। যদি কাটাকাটি/ঘষামাজা করে ও অস্পষ্টভাবে দর উদ্ধৃত করা হয় তাহলে কোটেশন বাতিল বলে বিবেচিত হবে।

০৩। নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাতব্য নিরাপত্তাকর্মীগণের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এসএসসি পাশ হতে হবে এবংপ্রত্যেককে ডিউটিকালীন সার্বক্ষনিক ইউনিফর্ম পরিহিত অবস্থায় থাকতে হবে। নিয়োগতব্য নিরাপত্তা প্রহরীগণকে নিরাপত্তার বিষয়ে অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। পাশাপাশি সুঠাম দেহের অধিকারী হতে হবে।

০৪। নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহতব্য নিরাপত্তাকর্মীগণকে ব্রাহ্মণবাড়িয়া পবিস কর্তৃপক্ষের নিয়ন্ত্রনাধীন থেকে ২৪ ঘন্টা (দিনে ও রাতে) বছরে ৩৬৫ দিন নিরাপত্তা প্রহরীর দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করতে হবে। কাজের স্বার্থে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণকে সাপ্তাহিক ছুটির দিনে কিংবা অফিস সময়ের পরেও দায়িত্ব পালনে বাধ্য থাকতে হবে। সেক্ষেত্রে অতিরিক্ত কোন ভাতা প্রদান করা হবে না।

০৫। দরপত্রের সাথে নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সচ্ছলতার সনদ, ভ্যাট ও নিবন্ধন সনদ, আয়কর সনদ এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। পাশাপাশি দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব অফিস, লোকবল ও লজিষ্টিক সাপোর্টের প্রমাণক দাখিল করতে হবে।

০৬। নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক অত্র পবিসের কাজের জন্য সরবরাহকৃত নিরাপত্তাকর্মীদের তথ্যাদি অর্থাৎ তাদের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব সনদ, জন্ম সনদ, জাতীয় পরিচয় পত্র এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত পূর্বক দাখিল করতে হবে।

০৭। প্রাপ্ত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর ১ম সর্বনিম্ন দরদাতার অনুকূলে Notification of Award (NOA) প্রদান পূর্বক আউট সোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োগের চুক্তি সম্পাদন করা হবে। কোন ব্যক্তি বিশেষের সাথে

নিয়োগকারী কর্তৃপক্ষের চুক্তি হবে না। নিরাপত্তাকর্মী সরবরাহকারী হিসেবে Notification of Award (NOA) প্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যিক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

০৮। কৃতকার্য দরদাতা কর্তৃক সেবার মোট উদ্ধৃত অর্থের ১০% Performance Security হিসেবে ব্যাংক ড্রাফ/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে জমা প্রদান পূর্বক চুক্তি সম্পাদন করতে হবে। যার মেয়াদ কার্যসম্পাদনের ২৮ দিন পর পর্যন্ত থাকতে হবে।

০৯। নিরাপত্তাকর্মীদের হাজিরা কার্ড/রেজিস্টারের রেকর্ড মোতাবেক বেতন ও ভাতাদি (বিল দাখিল সাপেক্ষে)পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান এর অনুকূলে চেকের মাধ্যমেপরিশোধ করা হবে এবং উক্ত প্রতিষ্ঠানের নিকট থেকে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, আয়কর, অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি কর্তন করা হবে। প্রয়োজনে ডিডি কমিশন চার্জ পরিশোধ সাপেক্ষে ডিডি দেয়া যেতে পারে।

১০। নিয়োগকৃত নিরাপত্তাকর্মীগণের ছুটিতে যাওয়া, তাদের অসুস্থ্যতা ও অসমর্থতা অথবা অন্যকোন কারণে নিরাপত্তা প্রহরায় বিঘ্নিত করা যাবে না। কর্তব্যরত নিরাপত্তা প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা নিরাপত্তা কর্মী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি কর্তৃক আকস্মিক পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

১১। নিরাপত্তাকর্মীকে অত্র পবিস এর যে কোন জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস, অভিযোগকেন্দ্র বা সাব-স্টেশনে পোস্টিং দেয়া হতে পারে।

১২। নিয়োজিত নিরাপত্তাকর্মীগণের থাকা ও খাওয়া, তাদের ইউনিফর্ম সরবরাহ, চিকিৎসা সেবা প্রদান এবং যাতায়ত খরচ নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে, এক্ষেত্রে অত্র পবিস কর্তৃক উল্লিখিত ব্যয় বহন করা হবে না। নিরাপত্তাকর্মীদের পোষাক, বেল্ট, নেইম প্লেট, কোম্পানীর মনোগ্রাম, আইডি কার্ড, বাঁশি ইত্যাদি সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে।

১৩। নিয়োগকৃত নিরাপত্তাকর্মীগণের অদক্ষতা বা দায়িত্ব অবহেলার কারণে নিয়োগকারী প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানকে সম্পূর্ণভাবে তার দায়ভার বহন করতে হবে। নিয়োগকৃত নিরাপত্তাকর্মীগণের মধ্যে যদি কারও কাজের মান সন্তোষজনক না হয় অথবা কারও বিরুদ্ধে শৃংঙ্খলা পরিপন্থি কোন কাজের অভিযোগ উত্থাপিত হয় তাহলে সেবিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক লিখিতভাবে অবহিত করনের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে নিরাপত্তাকর্মী প্রতিস্থাপনের ব্যবস্থা করতে হবে।

১৪। Notification of Award (NOA) প্রাপ্ত নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানকে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অত্র সমিতি কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। নিরাপত্তাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের পূর্বে সরবরাহতব্য নিরাপত্তাকর্মীর বিপরীতে ০১ (এক) মাসের বেতনের সম-পরিমান অর্থ নিরাপত্তা জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার আকারে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির অনুকুলে জমা দিতে হবে।

১৫। Notification of Award (NOA) প্রাপ্ত নিরাপত্তা কর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তি সম্পাদন করা হবে (পরবর্তীতে উভয়ের সম্মতি সাপেক্ষে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে)।

১৬। নিরাপত্তাকর্মী সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের জন্য বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন বিভাগের নিরাপত্তা প্রহরী পদে লোকবল সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রমাণক হিসেবে বর্ণিত প্রতিষ্ঠানের কার্যাদেশের কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৭। ভবিষ্যতে আউট সোর্সিং পদ্ধতিতে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতিতে জনবল নিয়োগের প্রয়োজন হলে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান দরপত্রের একই শর্তানুযায়ী প্রয়োজনীয় সংখ্যক জনবল সরবরাহ করতে বাধ্য থাকবেন।

১৮। যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চূড়ান্ত বলে গণ্য হবে।

06/12/2022

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নং-০৮৫১-৫৭৫০০